**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

দুর্নীতি দমন কমিশন
জেলা কার্যালয়
কিশোরগঞ্জ
www.acc.org.bd

স্মারক নং- ০০.০১.৪৮০০.৭০৬.৯৯.০২২.২৬.

তারিখ: ১৯/০৭/২০২৬

বিষয় : শিক্ষার্থীদের সততা চর্চায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে দুর্নীতিবিরোধী রচনা প্রতিযোগিতা-২০২৬ আয়োজন।

সূত্র : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা'র স্মারক নং- ০০.০১.০০০০.৩০৬.৬৩.০০৯.২২-৪০৩৭৭, তারিখ: ০৬/০৮/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ সদর উপজেলার মাধ্যমিক পর্যায়ে গ্রুপ ভিত্তিক দুর্নীতিবিরোধী রচনা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সিদ্ধান্ত মোতাবেক কিশোরগঞ্জ সদর উপজেলায় অবস্থিত মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান হতে গ্রুপ ভিত্তিক শিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত বিষয়ে রচনা আহ্বান করা যাচ্ছে।

**রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি**

| ক্রমিক নং | গ্রুপ | শ্রেণি | বিষয় |
|---|---|---|---|
| ১. | ক | ষষ্ঠ, সপ্তম ও অষ্টম | দুর্নীতি প্রতিরোধে তারুণ্যের ভূমিকা (সর্বোচ্চ ৮০০ শব্দ) |
| ২. | খ | নবম ও দশম | দুর্নীতি ও এর প্রতিকার (সর্বোচ্চ ১০০০ শব্দ) |

| | | |
|---|---|---|
| রচনা জমা প্রদানের সর্বশেষ তারিখ | : | ০৯/০৮/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা |
| রচনা জমা প্রদানের স্থান | : | জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ |

এমতাবস্থায়, যথাযথ মার্জিন রেখে A4 কাগজের এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) শিক্ষার্থীদের নাম, শ্রেণি, রোল, বিদ্যালয়ের নাম এবং অভিভাবকের নাম ও মোবাইল নম্বরসহ স্বহস্তে লিখিত রচনা (প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান হতে গ্রুপ ভিত্তিক সর্বোচ্চ ২টি করে মোট ৪টি) নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আপনার কার্যালয়ে জমা প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান শিক্ষক বরাবর জরুরী নির্দেশনা প্রদান এবং প্রাপ্ত রচনাসমূহ গোপনীয়ভাবে সংরক্ষণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

প্রাপক :

জেলা শিক্ষা অফিসার
কিশোরগঞ্জ

মোঃ ইকবাল হোসেন
উপপরিচালক
পি-এসিসি ১১৬৯৯১০১০৮
ফোন: ০২-৯৯৮৮৩২২০২
E-mail: dd.ido.kishoreganj@acc.org.bd

স্মারক নং- ০০.০১.৪৮০০.৭০৬.৯৯.০২২.২৬.৫৬১/১(৩)

তারিখ: ১৯/০৭/২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ
৩. অফিস কপি

20/07/2026

মোঃ ইকবাল হোসেন
উপপরিচালক